দৈনিক ইত্তেফাক

তারিখ ... ... JAN. 0 4 2000
পৃষ্ঠা ১৬ কলাম ৫

02

## একুশের বইমেলায় গুন্টার গ্রাসকে আমন্ত্রণ জানানো হইবে

রেজানুর রহমান ॥ একুশে বইমেলাকে কেন্দ্র করিয়া ব্যাপক তোড়জোড় শুরু হইয়াছে। এইবার মাসব্যাপী বইমেলা অনুষ্ঠিত হইবে। ১লা ফেব্রুয়ারী মেলার উদ্বোধনী অনুষ্ঠানে

(১৫শ পৃষ্ঠায় ৪-এর কঃ দ্রঃ)

## একুশের বই মেলায়

(শেষ পৃষ্ঠার পর)

নোবেল পুরস্কার বিজয়ী জার্মান সাহিত্যিক বাংলাদেশের বন্ধু গুন্টার গ্রাসকে বিশেষ অতিথি হিসাবে যোগদানের জন্য আমন্ত্রণ জানান হইবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা এই মেলার আনুষ্ঠানিক উদ্বোধন করিবেন।

একুশে ফেব্রুয়ারী আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসাবে স্বীকৃতি লাভ করায় এবার একুশের বইমেলাকে বিশেষভাবে গুরুত্ব দেওয়া হইতেছে। মেলা ১লা ফেব্রুয়ারী শুরু হইয়া ২৯শে ফেব্রুয়ারী শেষ হইবে। মেলায় এইবার স্টল বরাদ্দের ক্ষেত্রেও বিশেষ নীতিমালা প্রণয়ন করা হইয়াছে। মেলা চলাকালে ভাষা আন্দোলন ও স্বাধীনতা সংগ্রাম বিষয়ক গুরুত্বপূর্ণ আলোচনা ও মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হইবে।